

মাদারি

রাজীব সিংহ

এ-এ-এ-এই, লাগ্ ভেল্কি লাগ্—

ছিলো বিড়াল তা আবার রুমালও হলো

সাদা ফটফটে, আঁচড় না - কাটা নতুন বউ এর মতো:

পৃষ্ঠায় পৃষ্ঠায় পারফিউম আর ছাপার কালির গন্ধ-

মাড়ভাঙা তাঁত ওড়ে সদ্যোস্তাত চুল কালো ঘন মেঘ

এই মেঘ, ওড়ো, ওড়ো নেস্টাম - সেরিল্যাক ওড়ো এডি অয়েল

অক্ষমের হাসি ওড়ো রবীন্দ্রগান ওড়ো পার্কের বেঞ্চ প্রজাপতি

লাগ্ ভেল্কি লাগ্, চাকা ঘোরো বন্ বন্, ঘুরপাক

কেষ্ট -বিষ্ট, ঘোরো চক্রবৃদ্ধি, চক্রপাক দিক্চক্রবাল

রেখাচিত্রের বিড়ালেরা ওড়ো রুমাল সাদা ছটফটে

কী ভীষণ বে মানান সেই মেয়ে আমাদের চোরা ঘূর্ণিপথে !

ওড়ো মেঘ, কালো ঘন মেঘ, সদ্যোস্তাত কালো দীর্ঘচুল

চাকা ঘোরো বন্ বন্, দিক - হারা নদীদের ব্যাকুল বিরহে।